

## বাউবির ২২৫ কোটি ২১ লাখ টাকা বাজেট অনুমোদন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বুউবি) ২০১৩-২০১৪ অর্থবছরের জন্য ২২৫ কোটি ২১ লাখ টাকার বাজেট বঙ্গলাবার (২য় জুন ২০১৩) বিশ্ববিদ্যালয়ের ঢাকা সিটি অফিসের উপাচার্যের কার্যালয়ে কনকোর্সে অনুষ্ঠিত বোর্ডের সভার পরে গৃহীত। এর ১৩৭তম সভার অনুমোদিত হয়েছে। বাজেটে রাজস্ববাতে ১৬২ কোটি ৫২ লাখ ১৩ হাজার এবং উন্নয়নবাতে ৬২ কোটি ৬৯ লাখ ৭১ হাজার টাকা ব্যয় করা হয়েছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন হতে রাজস্ব বাজেটে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ২৭ কোটি ৪০ লাখ টাকা বা মোট রাজস্ব বাজেটের ১৬ শতাংশ। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তহবিল হতে এবাজেটে ১০৫ কোটি ১২ লাখ ১০ হাজার টাকার সংস্থান রাখা হয়েছে যা রাজস্ব বাজেটের ৮৩ শতাংশ। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন হতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ বাজেটের ১৬ শতাংশ। একই সময়ে ২০১২-২০১৩ অর্থবছরের জন্য সংশোধিত ১১৪ কোটি ১২ লাখ ২৩ হাজার টাকা রাজস্ব বাজেট এবং ১৭ কোটি ১৮ লাখ ২২ হাজার টাকার উন্নয়ন বাজেটও অনুমোদন করা হয়।

বাউবির জাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম.এ. মান্নান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত বোর্ড অব গভর্নর্স-এর সভার এবাজেট উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. খোরশাদ মোকাম্মেছ হোসেন।

২০১৩-২০১৪ অর্থবছরের প্রায় বর্ষান্তর মোট ব্যয়ের মধ্যে শিক্ষা আনুষঙ্গিকভাবে ৬৭.০১ শতাংশ, বেতন ভাতাদি ও অন্যান্য খাতে ৩২ শতাংশ ৯৯ শতাংশ ব্যয় হয়েছে। বিশ্ববিদ্যালয়ে উন্নয়ন কার্যক্রম বৃদ্ধির জন্য বাজেট উন্নয়নবাতে প্রয়োজনীয় ব্যয় রাখা হয়েছে। -মেস বিজ্ঞপ্তি।